



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**12 JULY 2024**

**7:35—7:40 AM IST**

=====

রাজ্যে বন্ধ হয়ে থাকা কোল্ড স্টোরেজগুলিকে পুনরুজ্জীবিত করার পাশাপাশি নতুন কোল্ড স্টোরেজ নির্মাণের জন্য রাজ্য সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছে বলে কৃষিমন্ত্রী অতুল বরা জানিয়েছেন। এই সম্পর্কে গতকাল দিসপুর জনতা ভবনে অনুষ্ঠিত এক বৈঠকে রাজ্যের কৃষি উৎপাদন আয়ুক্ত তথা কৃষি বিভাগের আয়ুক্ত সচিব অরুণা রাজোরিয়া, সচিব তেজপ্রসাদ ভূষাল সহ সংশ্লিষ্ট বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে মন্ত্রী শ্রী বরা কোল্ড স্টোরেজগুলির বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবগত হয়েছেন।

রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া করিমগঞ্জ জেলার বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে আজ এক দিনের সফরে করিমগঞ্জ আসছেন। মন্ত্রী শ্রী বরুয়া আজ দুপুরে করিমগঞ্জ পৌঁছে করিমগঞ্জ শহরের ত্রাণ শিবিরগুলি পরিদর্শন করবেন। এরপর বেলা ২ টো ৪৫ মিনিটে তিনি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে বন্যার ক্ষয়ক্ষতি নিয়ে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন।

রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া তিন দিনের বরাক উপত্যকা সফরের প্রথম দিন গতকাল শিলচরের বিভিন্ন আশ্রয় শিবির পরিদর্শন করে বানভাসি মানুষের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হয়েছেন। এরপর তিনি শিলচর মালিনি বিলের হিরণপ্রভা দেব শিশু মন্দিরে পৌঁছে

বন্যাক্রান্তদের মধ্যে ভ্রাণ সামগ্রী বিতরণ করেন । মন্ত্রী শ্রী মল্লবরুয়া জেলা আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত পর্যালোচনা বৈঠকে বন্যায় ভ্রাণ ও উদ্ধার অভিযানকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করতে নির্দেশ দিয়েছেন ।

বন্যায় ক্ষতিগ্রস্ত বরাক উপত্যকার তিন জেলার সামগ্রিক পর্যালোচনা করে আগামী দিনগুলিতে নদী বাঁধ সংস্কার , পশু খাদ্য বিতরণ , বাসগৃহ , আসবাবাব পত্রের ক্ষতিপূরণ প্রদান সহ বানভাসি মানুষের সহায়তায় সরকারীভাবে আরও সাহায্য প্রদান করা হবে বলে মন্ত্রী শ্রী বরুয়া জানিয়েছেন । এছাড়া বন্যা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর বিভিন্ন রোগ নিয়ন্ত্রনে আগাম প্রস্তুতি গ্রহণ করা সহ প্রয়োজনীয় ঔষুধপত্র প্রদান করতেও নির্দেশ দিয়েছেন ।

---

---

রাজ্যের জল সম্পদ বিভাগ সূত্রে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ সকাল সাতটায় শিলচর অন্নপূর্ণাঘাটে বরাক নদী বিপদসীমার ৮২ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে । এখানে জল আজ সকাল পাঁচটা থেকে ঘন্টায় এক সেন্টিমিটার করে কমছে বলে জানানো হয়েছে ।

---

---

রাজ্যের বন্যা পরিস্থিতি ক্রমশ উন্নত হচ্ছে । রাজ্যের বরাক ও ব্রহ্মপুত্র নদ সহ উপনদীগুলোর জলস্তরও হ্রাস পাচ্ছে তবে এখনো ২৬ টি জেলার ১৪ লক্ষেরও বেশী লোক বন্যায় কবলে রয়েছেন । আসাম রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রকাশিত তথ্য অনুযায়ী এখনো ৮৩ টি রাজস্ব চক্রের ২ হাজার ৫৪৫ টি গ্রাম বন্যায় জলে প্লাবিত রয়েছে । ৩৯ হাজার হেক্টরেরও বেশী কৃষিজমি এবারের বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে । এবারের বন্যায় রাজ্যে এপর্যন্ত মৃতের সংখ্যা বেড়ে ৮৩ হয়েছে । রাজ্য সরকার ২০৯ টি আশ্রয় শিবির এবং ১৫৬ টি সাহায্য বিতরণ কেন্দ্র স্থাপন করেছে । এন ডি আর এফ , এস ডি আর এফ , অগ্নি নির্বাপক বাহিনী সহ উদ্ধারকারী দলগুলি উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে ।

---

---

ব্রেকথু সায়েন্স সোসাইটির শিলচর চ্যাপ্টারের উদ্যোগে গতকাল বড়খলা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রাইপুর প্রাথমিক বিদ্যালয়ে বন্যা দুর্গতদের মধ্যে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে । শিবিরে ১২০ জন বন্যা দুর্গতদের স্বাস্থ্য পরীক্ষা করা হয় ।

---

---

ভাৰত বিকাশ পৰিষদেৰ শিলচৰ শাখাৰ উদ্যোগে গত বুধবাৰ শিলচৰ লোচন বৈৰাগী ৰোডে ভাৰত বিকাশ পৰিষদেৰ প্ৰতিষ্ঠা দিবস পালন কৰা হৈছে । এ উপলক্ষে সংস্থাৰ শিলচৰ শাখাৰ সভাপতি জ্যোতিময় দত্তেৰ পৌৰহিত্যে আয়োজিত সভায় ডক্টৰ সুজিত কুমাৰ নন্দী পুৰকায়স্থ এৰং ডক্টৰ মনোৰঞ্জন সৰকাৰ প্ৰধান অতিথি হিঁসেবে বক্তব্য ৰাখেন । প্ৰতিষ্ঠা দিবসেৰ দ্বিতীয় পৰ্বে শিশুদেৰ দ্বাৰা সাংস্কৃতিক অনুষ্ঠান পৰিবেশিত হয় ।

---

---

ওড়িশাৰ ভূবেনেশ্বৰে অনুষ্ঠিত ‘খেলা ইন্ডিয়া’ মহিলা মান্ডলিক ভাৰোত্তলন চ্যাম্পিয়নশিপ প্ৰতিযোগিতায় আসামেৰ মনীষা সনোয়াল ৰৌপ্য পদক অৰ্জন কৰেছে । মনীষা যুব শাখায় ১২০ কিলোগ্ৰাম ওজন তুলে ৰূপোৰ পদক জয় কৰে । এদিকে এই প্ৰতিযোগিতায় ৰেখামণি গগৈ জুনিয়ৰ শাখায় ৰূপো এৰং সিনিয়ৰ শাখায় ব্ৰোঞ্জেৰ পদক অৰ্জন কৰেছে । আসামেৰ মৃদুস্মিতা চিত্ৰকৰ ৪০ কিলোগ্ৰাম যুব শাখায় ৰূপোৰ পদক অৰ্জন কৰেছে ।

---

---

লায়ন্স ক্লাব অফ শিলচৰ সেন্ট্ৰালেৰ উদ্যোগে এৰং ঘুংঘুৰেৰ হিন অৰণ্য ও গিৰিজা হাৰ্ভেল গাৰ্ডেনেৰ সহযোগিতায় আগামী ১৮ই জুলাই হাতিছড়া গ্ৰাম পঞ্চায়েতেৰ অন্তৰ্গত ৰামকৃষ্ণ স্কুলে বিনামূল্যে চক্ষু পৰীক্ষা শিবিৰ অনুষ্ঠিত হৰে । শিবিৰটি সকাল ১০টায় শুৰু হৰে ।

---

---